কালীগঞ্জে সাংবাদিক আরিফ সড়ক দূর্ঘটনায় গুরুতর আহত

ঝিনাইদহের কালীগঞ্জ দৈনিক আজকালের খবর পত্রিকার কালীগঞ্জ প্রতিনিধি ও কালীগঞ্জ প্রেসক্লাবের অর্থ সম্পাদক সাংবাদিক আরিফ মোল্ল্যা সড়ক দুর্ঘটনায় আহত হয়েছেন।

জানা যায়, তিনি বৃহস্পতিবার দুপুরে পেশাগত দায়িত্ব পালন করে মটর সাইকেলযোগে কালীগঞ্জ শহরে ফিরছিলেন। পথিমেধ্যে কালীগঞ্জ-আড়পাড়া (মাগুরা) সড়কের বলরাম পুর বাজারের নিকটে আসলে সামনে থেকে বেপরোয়া গতির একটি ইজিবাইক তার মটর সাইকেলে সজোরে আঘাত করে। এ সময় মটর সাইকেলটি দুমড়ে মুচড়ে যায়। সাথে সাথে তিনি পাকা সড়কে আছড়িয়ে পড়লে তার ডান পা চুর্ণ বিচুর্ণ হয়ে যায়। পরে সহকর্মীরা তাকে উদ্ধার করে প্রথমে কালীগঞ্জ ও পরে যশোর পঙ্গু হাসপাতালে নিয়ে ভর্তি করে।

আরিফ মোল্যার আহত হওয়ার খবর পেয়ে তার সহকর্মী কালীগঞ্জের কর্মরত সাংবাদিকসহ সুধীমহল কালীগঞ্জ হাসপাতালে ভীড় করেন। পরে প্রচন্ড রক্তক্ষরনে তার অবস্থার অবনতি হলে তাকে চিকিৎসকেরা যশোর পঙ্গু হাসপাতালে রেফার্ড করেন।
যশোর পঙ্গু হাসপাতালের পরিচালক ডাঃ এ এইচ এম আব্দুর রউফ জানিয়েছেন, সাংবাদিক আরিফের ডান পায়ের হাঁটু চুর্ণ বিচূর্ণ হয়ে গেছে। তার শরীর থেকে পর্যাপ্ত রক্তক্ষরন হয়েছে। এক কথায় তার অবস্থা গুরুতর। আজ রাতেই তার দুইটি অপারেশন করতে হবে। তিনি বলেন, ৭২ ঘন্টা পার না হলে কিছুই বলা যাবে না।

আরিফ মোল্যার সাথে থাকা সহকর্মি দৈনিক যুগান্তরের শাহরিয়ার আলম সোহাগ ও ৭১ টিভির কালীগঞ্জ প্রতিনিধি জানান, আপাতত ২ ব্যাগ রক্ত তারা নিজেদের শরীর থেকে দিয়েছেন। তারা জানান, বেপরোয়া গতির ইজিবাইক সরাসরি আঘাত করায় আরিফ মোল্যা আজ পঙ্গুর দারপ্রান্তে। তারা বলেন,হাসপাতাল কর্তৃপক্ষ বলেছেন আরিফ মোল্যার দুটি অপারেশনই ব্যয়বহুল।

কালীগঞ্জের কর্মরত সকল সাংবাদিক সহকর্মি আরিফ মোল্যার সুস্থতায় সকলের নিকট দোয়া প্রার্থনা করেছেন।দৈনিক নবচিত্রের প্রধান সম্পাদক আলহাজ্ব শহিদুল ইসলাম, উপদেষ্টা সম্পাদক মোস্তফা আব্দুল

জলিলসহ নবচিত্র পরিবারও সাংবাদিক আরিফ মোল্ল্যার সুস্থতায় দোয়া কামনা করেছেন।

এছাড়াও দৈনিক প্রথম আলোর নিজস্ব প্রতিনিধি আজাদ রহমান,প্রেসক্লাব কালীগঞ্জের সভাপতি জাকারিয়া হোসেন, কালীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি জামির হোসেন,সাংবাদিক নয়ন খন্দকার, আরিফের সুস্থতায় দোয়া কামনা করেছেন।

দাম কমে ১২ কেজি এলপিজি সিলিন্ডারের মূল্য ১২২৮ টাকা

টানা পাঁচ মাস ধরে বাড়তে থাকা রান্নার কাজে ব্যবহৃত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বা এলপিজির দাম কমানো হয়েছে।বাংলাদেশের জ্বালানি নিয়ন্ত্রক সংস্থা বৃহস্পতিবার ৭ টাকা ১০ পয়সা বা ৬ দশমিক ৪৯ শতাংশ কমিয়ে মূসকসহ কেজিপ্রতি এলপিজির দাম দাম ১০২ টাকা ৩২ পয়সায় পুনর্নির্ধারণ করেছে।

এর ফলে ১২ কেজি ওজনের এলপিজি সিলিন্ডারের দাম কমলো ৮৫ টাকা, যা ৩ ডিসেম্বর শুক্রবার সকাল ৬টা থেকে কার্যকর হবে। বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি) যে আদেশ দিয়েছে, তাতে সবচেয়ে বেশি ব্যবহৃত ১২ কেজি ওজনের সিলিন্ডারের মূসকসহ ভোক্তা পর্যায়ের দাম দাঁড়াচ্ছে ১২২৮ টাকা। এই দাম যথাক্রমে নভেম্বরে ১৩১৩ টাকা, অক্টোবরে ১২৫৯ টাকা ও সেপ্টেম্বরে ১০৩৩ টাকা ছিল। তার আগে অগাস্ট মাসে ৯৮৬ টাকা, জুলাই মাসে ৮৯১ টাকা এবং জুন মাসে ৮৪২ টাকা নির্ধারণ করে দেওয়া হয়েছিল ১২ কেজি সিলিন্ডারের দাম।

বিইআরসি বলছে, নতুন হারে ডিসেম্বর মাসে সাড়ে ৫ কেজি, ১২ কেজি সাড়ে ১২ কেজি, ১৫ কেজি, ১৬ কেজি, ১৮ কেজি, ২০ কেজি, ২২ কেজি, ২৫ কেজি, ৩০ কেজি, ৩৩ কেজি, ৩৫ কেজি ও ৪৫ কেজি এলপিজি সিলিন্ডারে দাম নির্ধারিত হবে।

ডিসেম্বরের জন্য রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহ করা বেসরকারি এলপিজির দাম ধরা হয়েছে মূসকসহ প্রতিকেজি ৯৯ টাকা ০৮

পয়সা। যানবাহনের জ্বালানি হিসাবে ব্যবহৃত অটোগ্যাস বা এলপিজির দাম ধরা হয়েছে মূসকসহ প্রতিলিটার ৫৭ টাকা ২৪ পয়সা । তবে সরকারি এলপিজির দামে কোনো পরিবর্তন আনা হয়নি।

ঘোষণায় বলা হয়, ডিসেম্বর মাসে সৌদি আরামকো কর্তৃক ঘোষিত প্রোপেন ও বিউটেনের দাম যথাক্রমে ৭৯৫ ডলার ও ৭৫০ ডলার করা হয়েছে। সেই হিসেবে প্রোপেন ও বিউটেনের মিশ্রনের দাম ধরা হয়েছে ৭৬৫ দশমিক ৭৫ ডলার। আন্তর্জাতিক বাজারের সঙ্গে সামঞ্জস্য রাখতে সৌদি আরমকো কোম্পানির প্রোপেন ও বিউটেনের দামের সঙ্গে সমন্বয় করে প্রতি মাসে এলপিজির নতুন দর ঘোষণা করে আসছে বিইআরসি।

গাংনীর খাসমহল বাজার দখলমুক্ত করলেন প্রশাসন

মেহেরপুরের গাংনীর খাসমহল বাজারের সরকারি জমি দখলমুক্ত করেছে জেলা প্রশাসন। আজ বৃহস্পতিবার বেলা ১২ টার সময় দখলে থাকা অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনা করেন সহকারি কমিশনার (ভুমি) ও নির্বাহী ম্যাজিস্ট্র্রেট নাজমুল আলম।

অভিযান পরিচালনা কারি নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলম বলেন, দীর্ঘ ১৮ বছর ধরে উপজেলার খাসমহল গ্রামের মৃত আলম হোসেনের ছেলে আয়নাল হক নামের এক ব্যাক্তি খাসমহল বাজারের সরকারি জমি দখল করে চারটি পাকা দোকান নির্মাণ করেছিলেন। দোকার ঘর নির্মাণের ফলে ওই বাজারে সাপ্তাহিক হাট বসতে চরম সমস্যায় পড়তেন এলাকাবাসী। এছাড়াও স্থানীয় জনগনের চলাফেরায় অসুবিধা হলে লিখিতভাবে অভিযোগ করেন স্থানীয় বাজার কমিটির লোকজন। স্থানীয়দের অভিযোগের ভিত্তিতে উক্ত জমি জরিপ করা হলে ০.০০৮ শতক জমি সরকারি খতিয়ানভুক্ত পাওয়া যায়্। ওই ০৮ শতক জমির মধ্যে০.০৩ শতক জমি দখল করে পাকা দোকান ঘর নির্মাণ শুরু করে আয়নাল হক।

পরে দখলদার আইনাল হককে স্থানীয় তহশীলদার জমি ছেড়ে দেবার নোটিশ করেন। পরে উপজেলা ভুমি অফিস থেকেও নোটিশ করা হয়। তাতেও তিনি তার স্থাপনার কাজ চালিয়ে আসছিলেন। পরে জেলা প্রশাসনকে বিষয়টি অবহিত

করা হলে জেলা প্রশাসক মহদয় সেখান থেকেও নোটিশ প্রদান করেন। এখাবে তিনবার নোটিশ দেয়া সত্বেও তিনি তার স্থাপনা অপসারণ না করায় সরকারি সকল নিয়ম মেনে জেলা প্রশানের পক্ষ থেকে আজকের এই দখলমুক্ত অভিযান। এসময় স্থানীয় কাথুলী ইউনিয়নের তহশিলদার রমজান আলী, ষোলটাকা ইউনিয়নের তহশিলদার আব্দুর রহিমসহ গাংনী থানা পুলিশের একটি টীম উচ্ছেদ অভিযানে সহায়তা করেন।

স্থানীয় ভুমি অফিস সুত্রে পাওয়া তথ্যে জানাগেছে,উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের তেঁতুলবাড়ীয়া মৌজার আর এস ০১ নম্বর খাস খতিয়ানভুক্ত আর এস ১১৮৫ দাগের ধানী (বর্তমানে হাট) শ্রেণীর ০.০৮ একর জমির মধ্যে ০.০৩ একর জমি অবৈধ দখল করে স্থানীয় আয়নাল হক। অবৈধ স্থাপনা অপসারণের নিমিত্তে উচ্ছেদ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বি গভর্ণমেন্ট এন্ড লোকাল অথরিটি ল্যান্ডস এন্ড বিল্ডিং (রিকভারী অব পজেশন) অর্ডিনেন্স ১৯৭০ (অধ্যাদেশ নং-২৪) এর বিধান অনুযায়ী গাংনী উপজেলা সহকারী কমিশনার ভূমি ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট দায়িত্ব প্রাপ্ত হয়ে বর্ণিত ভূ-সম্পত্তি অবৈধ স্থাপনা উচ্ছেদ করে দখল মুক্ত করেন।
স্থানীয় সাবেক ইউপি সদস্য একরামুল হক বলেন, অবৈধ দখলদার উচ্ছেদের ফলে এলাকার জনগনের দীর্ঘ দিনের দাবী পুরণ হয়েছে । অবৈধ স্থাপনার ফলে পথযাত্রীরাও পড়তেন নানা বিড়ম্বনায়। মাঝে মাঝে দুর্ঘটনার কবলেও পড়তে হতো পথচারীদের। দীর্ঘ ১৮ বছর পরে দখল মুক্ত হলো সরকারি জমি। প্রশাসনের এমন পদক্ষেপকে স্বাগত জানান তিনি। সাবেক ইউপি সদস্য সালাউদ্দীন বরেন, এখানকার মানুষের একমাত্র হাটের জায়গা বেদখল থাকায় এলাকার মানুষকে নানা সমস্যায় পড়তে হতো। এই উচ্ছেদ অভিযানে সাময়িক ভাবে কয়েক জনের স্বার্থে আঘাত লাগলেও শতশত মানুষ এর সুবিধা ভোগ করবে। তিনি আরো বলেন, শুধু খাসমহলই নয় এমন অবৈধ স্থাপনা উচ্ছেদ অভিযান পরিচালনা করে সরকারি জমি দখলমুক্ত করলে হাজার হাজার মানুষ উপকৃত হবে।

মেহেরপুর জেলা প্রশাসক ড.মুনসুর আলম খান বলেন, সাধারণ মানুষের অসুবিধা করে একজন ব্যাক্তি সরকারি জমি ভোগ করবে এটা হতে দেয়া হবেনা। দখলদারদের কবল থেকে আমাদের এই দখলমুক্ত অভিযান অব্যাহত থাকবে।

[redacted]

[redacted]
[redacted]
[redacted]

কলেজ ২৩৩ জন, ধানখোলা টেঃ অ্যান্ড বিঃ ম্যাঃ কলেজ গাংনী ১০৯ জন, হাড়াভাঙ্গা ডি এইচ সিনিয়র ফাজিল মাদ্রাসা গাংনী ৬৪ জন, গাংনী সরকারি ডিগ্রী কলেজ ২৭৪ জন, তেরাইল জোড়পুকুরিয়া ডিগ্রী কলেজ গাংনী ১৯৩ জন, আন-নূর টেঃ অ্যান্ড বি এম কলেজ ১০১ জন অংশগ্রহণ করে।
এবং আলিম ১৯১ জন অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানের নাম মেহেরপুর দারুল উলুম আহমদিয়া ফাজিল মাদ্রাসা ৬৩ জন, আমঝুপি আলিম মাদ্রাসা ৩৩ জন, মানিকনগর ডিএস আলিম মাদ্রাসা মুজিবনগর ২৯ জন, গাংনী ছিদ্দিকিয়া সিনিয়র মাদ্রাসা ১৯ জন, হাড়াভাঙ্গা ডি এইচ সিনিয়র ফাজিল মাদ্রাসা গাংনী ২৭ জন, মানিকদিয়া এগারপাড়া আলিম মাদ্রাসা ২০ জন অংশ গ্রহণ করে।

নির্বাচনী দ্বন্দ্বের জেরে মেহেরপুরে বেড়েই চলেছে ফসলের সাথে শত্রুতা

নির্বাচনী প্রতিহিংসার জন্য মেহেরপুরে বেড়ে চলেছে ফসলের সাথে শত্রুতা মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের রাধাকান্তপুর গ্রামের মাঠে তামাকের জমিতে ৯ হাজার তামাকের চারা কেটে তসরুপ করেছে দুর্বৃত্তরা।
রাধাকান্তপুর গ্রামের মাদার আলীর ছেলে হাফিজুর রহমান আর আর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আশরাফুজ্জামানের ৩ বিঘা জমি লীজ নিয়ে তামাকের চারা লাগিয়ে ছিলেন
নির্বাচনী প্রতিহিংসার কারণে বুধবার রাতের কোনো এক সময় রাধাকান্তপুর গ্রামের মাঠে দুর্বৃত্তরা এসে তামাকের চারা কেটে তসরুপ করেছে বলে জানা গেছে। ৯ হাজার তামাকের চারা কেটে তাদের লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে।
ঘটনার খবর পেয়ে ইউপি সদস্য ইসমাইল হোসেন ঘটনাস্থল পরিদর্শন করেন। এতে তিনি ক্ষোভ প্রকাশ করেন। এবং দোষীদের খুঁজে বের করে দৃষ্টান্তমূলক শাস্তির শাস্তির দাবি জানান। খবর পেয়ে মেহেরপুর সদর থানার এসআই নজরুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি দল ঘটনাস্থল

উল্লেখ্য, কিছু দিন আগে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা মাঠে ৪ শ কান্দিপড়া কলা গাছ কাটার অভিযোগে উঠেছিল।

মেহেরপুরে এনজিও ফাউণ্ডেশন দিবস উপলক্ষে বর্ণাঢ্য র্যালী ও আলোচন সভা

মেহেরপুরে বাংলাদেশ এনজিও ফাউণ্ডেশন দিবস-২০২১ উপলক্ষে বর্ণাঢ্য রেলি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে ।
মেহেরপুর জেলায় কর্মরত বাংলাদেশ এনজিও ফাউণ্ডেশনের ১০ টি সহযোগী সংগঠন সুবাহ, মউক, সন্ধানী, পলাশী পাড়া, আরভি, দোয়েল, কুমারীডাঙ্গা, শহীদ সেবা, সু-শান্তা, পল্লী জন উন্নয়ন সংস্থার সম্মিলিত উদ্যেগে র্যালীটি অনুষ্ঠিত হয়।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একডেমীর সামনে থেকে র্যালীটি শুরু হয়ে মেহেরপুর শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এসে শেষ হয়। র্যালী শেষে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা এনজিও সমিতির সভাপতি মোশারফ হোসেনের সভাপত্বিতে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন উপ-পরিচালক মেহেরপুর স্থানীয় সরকার মোঃ মোজাহিদুল ইসলাম, স্বাগত বক্তা হিসেবে বক্তব্য রাখেন সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মোঃ মঈন-উল-আলম, অন্যদের মধ্যে বক্তব্য রাখেন আরভির নির্বাহী পরিচালক মোঃ আনরারুল ইসলাম, শহীদ সেবা সংস্থার নির্বহী পরিচালক রিন্টু চৌধুরী, উপকারভোগী বিলকিচ খাতুনসহ প্রমুখ।
অতিরিক্ত জেলা প্রশাসক রাজস্ব জনাব লিংকন বিশ্বাসের নেতৃত্বে অনুষ্ঠানটি উপস্থাপন করেন সন্ধানী সংস্থার নিবার্হী পরিচালক জনাব মোঃ আবুজাফর, সার্বিক সহযোগিতায় ছিলেন সুবাহর সমন্বয়কারী ফরিদা

আলমডাঙ্গায় স্বতন্ত্র প্রার্থীকে কুপিয়ে জখম

নির্বাচনী পরবর্তী সহিংসতায় আলমডাঙ্গা উপজেলার ডাউকি ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী নাজমুল হোসাইনকে বেধড়ক মারধরসহ দেশীয় অস্ত্র দিয়ে কুপিয়ে রক্তাক্ত জখম করেছে নৌকা প্রতীকের বিজয়ী চেয়ারম্যান তরিকুল ইসলামসহ তার সমর্থকেরা।

বুধবার সন্ধার দিকে ডাউকি গ্রামে এ ঘটনা ঘটে। পরে পুলিশ ঘটনাস্থলে পৌছে নাজমুল হোসাইনকে উদ্ধার করে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেই। এসময় পুলিশের উপর হামলা চালিয়ে দুটি মোটরসাইকেল ও অজ্ঞাত ব্যাক্তির একটি মোটরসাইকেল ভাংচুর করে তারা।

এতে পুলিশের পরিদর্শকসহ চারজন আহত হয়। আহত নাজমুল ইসলামের অবস্থার অবনতি হলে উন্নত চিকিতসার জন্য চিকিতসক কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। আহত নাজমুল হোসাইন আলমডাঙ্গা উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক।

জানাগেছে, আলমডাঙ্গার ডাউকি ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিজয়ী নৌকার চেয়ারম্যান তরিকুল ইসলাম। গতকাল বুধবার নির্বাচনি পরবর্তী স্বতন্ত্র প্রার্থী নাজমুল হুসাইনের উপর অতর্কিত হামলা চালায়। এতে স্বতন্ত্র প্রার্থী তরিকুলের সমর্থিত লোকজন নাজমুলকে মারপিট ও কুপিয়ে রক্তাক্ত জখম করে। গুরুত্বর অবস্থায় তাকে হারদি হাসপাতালে ভর্তি করা হয়। পরে কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়ায় রেফার করে।

এ ঘটনায় রাত ৯টার দিকে আলমডাঙ্গা উপজেলা সেচ্ছাসেবকলীগের পক্ষ থেকে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা সেচ্ছাসেবকলীগের সভাপতি ওবাইদুর রহমান চৌধুরী জিপুর নির্দেশে আলমডাঙ্গার সেচ্ছাসেবকলীগের সভাপতি শরিফুল ইসলাম রিফাত ২৪ ঘন্টার আল্টিমেটাম

দেন। এ সময়ের মধ্যে অভিযুক্তদের আটক ও চেয়ারম্যান থেকে প্রত্যাহার না করা হলে কঠোর আন্দোলনের হুশিয়ারি দেয়।

ডাউকি ইউনিয়ন পরিষদের (ইউপি) সদস্য আব্দুল কুদ্দুস বলেন, বুধবার সন্ধার দিকে ডাউকি ইউনিয়ন পরিষদের স্বতন্ত্র প্রার্থী নাজমুল হোসাইনকে লাঠিসোটা ও জেআই পাইপসহ দেশীয় অস্ত্র দিয়ে বেধড়ক মারপিট করে নৌকা প্রতীকের বিজয়ী চেয়ারম্যান তরিকুল ইসলামসহ তার কর্মীরা। পরে পুলিশ ঘটনাস্থলে পৌছালে তারা পালিয়ে যায়। পরে পুলিশ তাকে উদ্ধার করে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেই।

আলমডাঙ্গা উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক রিফাত বলেন, আমাদের আলমডাঙ্গা উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও ডাউকি ইউনিয়নের স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী নাজমুল হোসাইনকে মারধর করেছে নৌকার প্রতীকের বিজয়ী চেয়ারম্যান তরিকুল ইসলাম। এঘটনার পর আলমডাঙ্গা উপজেলা স্বেচ্ছাসেবক লীগের উদ্দ্যোগে শহরে বিক্ষোপ মিছিল বের করে। চেয়ারম্যান থেকে প্রত্যাহার ও ২৪ ঘন্টার মধ্যে তরিকুল ইসলামকে গ্রেফতার না করলে আমরা কঠোর আন্দোলনে যাবো আমরা।

এদিকে নাজমুল ইসলামকে মারধরের খবর পেয়ে আলমডাঙ্গা থানা পুলিশ ঘটনাস্থলে পৌছায়। এতে নৌকা প্রতীকের বিজয়ী চেয়ারম্যান তরিকুল ইসলামের কর্মীদের সাথে পুলিশের সাথে ধাওয়া ও পালটা ধাওয়ার ঘটনা ঘটে। এতে পুলিশের দুইটা এবং অজ্ঞাত ব্যক্তি একটি মোটরসাইকেল ভাংচুর করে। এসময় আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (অপারেশন) মাহবুব হোসেন, উপ-পরিদর্শক (এসআই) শরিফুল,কনেস্টবল শাওন, মামুন আহত হয়।

আলমডাঙ্গা থানার পুলিশ পরিদর্শক (অপারেশন) শরিফুল ইসলাম বলেন, ডাউকি ইউনিয়নের নৌকা প্রতীকের বিজয়ী চেয়ারম্যান তরিকুল ইসলামের কর্মীরা স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী নাজমুল ইসলামকে মারধর করে। খবর পেয়ে উপস্থিত হলে পুলিশের উপর হামলার ঘটনা ঘটে। চার পুলিশ সদস্য আহত হয় এবং পুলিশের দুটি মোটরসাইকেল ভাংচুরের ঘটনা ঘটে। এ ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

গাংনীর কল্যাণপুর থেকে পরিত্যাক্ত অবস্থায় ১৯ বোতল ফেনসিডিল উদ্ধার

পরিত্যাক্ত অবস্থায় ১৯ বোতল ফেনসিডিল উদ্ধার করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। বুধবার বিকালে গাংনী উপজেলার কল্যাণপুর গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়ে পরিত্যাক্ত অবস্থায় ফেনসিডিলগুলো উদ্ধার করা হয়।

জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) উপপরিদর্শক (এসআই) অজয় কুন্ডুর নেতৃত্বে এসআই বিশ্বজিৎ সরকার সহ ডিবি সদস্যরা অভিযানে অংশ নেন। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা হয়েছে।

গাংনীতে সড়কে ধান রাখার জেরে সংঘর্ষে উভয়পক্ষের ৬ জন আহত

গাংনী উপজেলার ধর্মচাকী গ্রামের দক্ষিণপাড়ায় পথে ধান রাখাকে কেন্দ্র সৃষ্ঠ সংর্ঘেষ উভয় পক্ষের ৬ জন মারাত্বক আহত হয়েছেন।

এক পক্ষের আহতরা হলেন, মাহাবুল হকের ছেলে সাদ্দাম হোসেন (৩৫), ইয়ার আলীর ছেলে আফাজ উদ্দীন ওরফে ফকির (৪৫) ও মনিরুল ইসলাম (৫৫)।

অপরপক্ষের আহতরা হলেন ইয়াসিন আলীর ছেলে আসমত আলী (৪৫), হারুন অর রশিদের ছেলে স্থানীয় মসজিদের ইমাম আব্দুল কাদের (হুজুর) (৫০) ও মুস্তাক আলীর ছেলে সেলিম হোসেন (৪০)।

বুধবার দিবাগত রাত ৮ টার দিকে গাংনী উপজেলার ধর্মচাকী গ্রামের দক্ষিণপাড়া এলাকায় এ সংঘর্ষের ঘটনা ঘটে। আহতর সবাই গাংনী উপজেলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

গাংনী উপজেলা হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক বোধাদিপ্ত দাশ (বিডি দাশ) জানান, আহতদের সকলেরই মাথায় হাতুড়ি, ধারালো অস্ত্রের আঘাত রয়েছে।

আহত সেলিম রেজা জানান, মোস্তাক আলীর পথের উপর প্রতিবেশী সাইফুল ইসলাম পথ দখল করে ধান রেখেছে। তাকে পথের উপর ধান রাখতে নিষেধ করলে ক্ষিপ্ত হয়ে ওঠেন সাইফুল ইসলাম তার লোকজন। এক পর্যায়ে আফাজ উদ্দীন হাতুড়ি দিয়ে হাফেজ কাদেরের মাথায় আঘাত করলে সে মাটিতে লুটিয়ে পড়ে। এরপর শুরু হয় দুপক্ষের মধ্যে সংর্ঘষ।

এদিকে সাদ্দাম হোসেন জানান, গত মঙ্গলবার সন্ধ্যায় মোস্তাক হোসেন তার নিজের পথের উপর ধান রাখলে কথা কাটাকাটির এক পর্যায়ে মোস্তাক হোসেনের ছেলে সুজন (২৫) ও মনিরুজ্জামানকে পিটিয়ে আহত করেন প্রতিপক্ষরা। সে ঘটনার জের ধরে আবারও আজকে বুধবার রাতে তারা আমাদের উপর হামলা করে আমাদের লোকজনকে আহত করেন। তারা উভয়ে জানান, এ বিষয়ে মামলার প্রস্তুতি নিচ্ছি আমরা।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেছেন, খবর আসার সাথে সাখে ওই গ্রামে পুলিশ পাঠানো হয়েছে। বর্তমানে গ্রামে শান্ত পরিস্থিতি রয়েছে। মামলা দিয়ে তাদের মামলা নথিভূক্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেয়া হবে।

দামুড়হুদায় চুয়াডাঙ্গা-২ আসনের এমপির রোগ মুক্তি কামনায় দোয়া মাহফিল

দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির উদ্যোগে জাতীয় সংসদ সদস্য চুয়াডাঙ্গা-২ আসনের এমপি হাজী আলী আজগার টগরের রোগ মুক্তি কামনায় এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির আয়োজনে দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রি অফিসের সামনে দলিল লেখক সমিতি মিলনায়তনে বুধবার বেলা

১২ টার সময় উক্ত মিলাদ ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন দলিল লেখক সমিতির সভাপতি মোঃ সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ রেজাউল ইসলাম, সাব রেজিস্ট্রার অফিসের কেরানি আজিজুল রহমান কোষাধ্যক্ষ ও দৈনিক আকাশ খবর পত্রিকার দামুড়হুদা বুরো প্রধান মোঃ শমসের আলী, দামুড়হুদা প্রেসক্লাব সাধারন সম্পাদক বখতিয়ার হোসেন বকুল,যুগ্ন সম্পাদক হাবিবুর রহমান হাবীব, দলিল লেখক সমিতির সদস্য বৃন্দরা।